

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩০০  
অমরপুর, ২৭ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
অমরপুর মহকুমায় মোট ভোটার ৮৬,৭৩২

আসন্ন লোকসভা নির্বাচনে অমরপুর মহকুমার ৪১-অম্পিনগর ও ৪২-অমরপুর বিধানসভা কেন্দ্র দুটি ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের অন্তর্গত। এই দুটি বিধানসভা ক্ষেত্রে ভোটার রয়েছেন ৮৬ হাজার ৭৩২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪৩ হাজার ১৪৪ জন, মহিলা ভোটার ৪৩ হাজার ৫৮৮ জন। ভোটকেন্দ্র রয়েছে ১০৮টি। ৪১-অম্পিনগর (এসটি) কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ৪২ হাজার ৭৫১ জন। এরমধ্যে পুরুষ ২১ হাজার ১৯১ জন, মহিলা ২১ হাজার ৫৬০ জন। ভোটকেন্দ্র রয়েছে ৫৫টি। ৪২-অমরপুর কেন্দ্রে মোট ভোটার ৪৩ হাজার ৯৮১ জন। পুরুষ ২১ হাজার ৯৫৩ জন ও মহিলা ২২ হাজার ২৮ জন। ভোটকেন্দ্র রয়েছে ৫৩টি। অমরপুর সহকারি নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*